# হাদিকে গুলিতে আহত করার ঘটনায় তারেক রহমানের তীব্র নিন্দা



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও ঢাকা-৮ আসনের এমপি পদপ্রার্থী ওসমান হাদী গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় গভীর উদ্বেগ, দুঃখ ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেছেন, ঘটনার সুষ্ঠু তদন্তে বিএনপির পক্ষ থেকে প্রয়োজনীয় সব সহযোগিতা করা হবে।

আজ শুক্রবার (১২ ডিসেম্বর) বিকেলে ফার্মগেটের কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে বিএনপি আয়োজিত 'দেশ গড়ার পরিকল্পনা' শীর্ষক কর্মশালায় বক্তব্য দিতে গিয়ে তিনি এ নিন্দা জানান। তারেক রহমান বলেন,

"দেশ এখন এক গভীর সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। শান্তি-শৃঙ্খলা ভাঙতে এবং অস্থিতিশীলতা তৈরি করতে একটি মহল সক্রিয়। স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরুদ্ধে ষড়যন্ত্রেরই অংশ আজকের এই হামলা।"

তিনি আরও বলেন, যেকোনো অন্যায় ও বর্বরতার বিরুদ্ধে সমাজকে ঐক্যবদ্ধভাবে প্রতিবাদ জানাতে হবে।

প্রত্যক্ষদর্শীরা জানান, হাদী একটি রিকশায় করে যাচ্ছিলেন। এমন সময় দুইটি মোটরসাইকেলে করে আসা সন্ত্রাসীরা তাকে লক্ষ্য করে গুলি করে দ্রুত পালিয়ে যায়। গুলিবিদ্ধ হওয়ার পরপরই রিকশা চালকসহ আশপাশের লোকজন তাকে দ্রুত হাসপাতালে নিয়ে যান।

LENS ASIA